



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০২১.২৩-১৩১১

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০
২৯ আগস্ট ২০২৩


বিষয়: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কুলাউড়া পৌরসভা, মৌলভীবাজার কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে কুলাউড়া পৌর এলাকায় সৌর সড়কবাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের PIC-তে স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত।

সূত্র : কুলাউড়া পৌরসভার স্মারক নং-কুলা/পৌর/প্রকৌ-২/২০২৩/৬৭৩, তারিখ: ০২ আগস্ট ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্র স্মারকে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কুলাউড়া পৌরসভা, মৌলভীবাজার কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে কুলাউড়া পৌর এলাকায় সৌর সড়কবাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান এবং PIC-তে স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের ০৩ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি: তারিখের ৪৬.০৬৩.০৩১.০২.০০.০০৮.২০১৪-১৭৩ স্মারক মূলে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে পৌরসভায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের Project Implementation Committee (PIC) -তে এলজিইডি'র সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী/ সিনিয়র সহকারী প্রকৌশলী-কে এ বিভাগ হতে মনোনয়ন প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত)

২। এমতাবস্থায়, উক্ত প্রকল্পের Project Implementation Committee (PIC)-তে স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি মনোনয়ন সম্পর্কিত এ বিভাগের ০৩ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি: তারিখের ৪৬.০৬৩.০৩১.০২.০০.০০৮.২০১৪-১৭৩ স্মারক অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।


মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lqpaura1@lgd.gov.bd

মেয়র

কুলাউড়া পৌরসভা

মৌলভীবাজার

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)